

## **PRESS RELEASE**

### **Dialogue on “Arbitration at BIAC for settling commercial disputes held at Chamber House, Chittagong.**

Arbitration by resolving business disputes expeditiously helps emerging economy like Bangladesh to take off and generates confidence to invest in Bangladesh. This was the unanimous view expressed at a dialogue jointly organized by the Bangladesh International Arbitration Centre (BIAC) and the Chittagong Chamber of Commerce & Industry (CCC&I) at the CCC&I Conference Room, Chamber House, Chittagong on Saturday, 10 November 2012.

Hon’ble Ghulam Muhammed Quader MP, Minister for Commerce was present on the occasion as Chief Guest. He observed that adversarial method of dispute resolution results in buildup of cases in our courts and delays disposal. Government is therefore bringing about changes in the laws to make ADR mandatory where possible. People should take full advantage of these legal reforms and engage vigorously in businesses and other productive activities, instead of spending valuable time and resources in litigation.

Mr. M A Latif M P, Member of the Parliamentary Standing Committee on Ministry of Commerce and former President of CCC&I, prominent business leaders, industrialists, senior lawyers, educationists, representatives of corporate houses, bankers, journalists were present in the dialogue and participated in the deliberation.

Welcoming Hon’ble Commerce Minister and distinguished participants, Murshed Murad Ibrahim, President of the Chittagong Chamber of Commerce & Industry underscored the importance of Alternative Dispute Resolution for settling commercial disputes as a means of advancing our businesses.

To address the theme “Arbitration at BIAC for settling commercial disputes”, Key note speaker Dr. Toufiq Ali, Chief Executive of BIAC described state of case disposal in our courts, Bangladesh legal framework encouraging Alternative Dispute Resolution (ADR), establishment of BIAC as an institution for alternative dispute resolution, activities and role of BIAC in building infrastructure and capacity in arbitration and mediation in the country.

Chairman of the BIAC Council Mahbubur Rahman, stated that there are roughly two million cases pending before our Courts, of which 7 lac are civil cases. Many of these business-related cases can be disposed of through arbitration, relieving the pressure on the judicial system and helping business move speedily.

Distinguished participants from the business and legal community offered their comments on the subject. Lawyers, Bankers and representatives of Business Chambers and corporate houses

The Dialogue was moderated by BIAC Chairman Mahbubur Rahman.

বিয়াক প্রেস রিলিজ

১০ নভেম্বর ২০১২

চেম্বার হাউস, চট্টগ্রামে “বিয়াকে সালিশী পদ্ধতির মাধ্যমে বাণিজ্যিক বিরোধ নিষ্পত্তি ” শীর্ষক মত বিনিময় সভা অনুষ্ঠিত।

বাণিজ্যিক বিরোধ নিষ্পত্তিতে সালিশী পদ্ধতি অনুসরণ বাংলাদেশের ন্যায় উদীয়মান অর্থনীতির বিকাশে সহায়ক ভূমিকা পালন করবে এবং দ্রুততার সাথে বিরোধ নিষ্পত্তি বাংলাদেশে বিনিয়োগে বিদেশী বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধিতে ভূমিকা রাখবে। অদ্য ১০ নভেম্বর ২০১২ তারিখে চেম্বার হাউজ, চট্টগ্রামে চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সম্মেলন কক্ষে ‘বাংলাদেশ ইন্টারন্যাশনাল আর্বিট্রেশন সেন্টার (বিয়াক)’ এবং চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (সিসিসি এন্ড আই) কর্তৃক যৌথভাবে আয়োজিত “বিয়াকে সালিশী পদ্ধতির মাধ্যমে বাণিজ্যিক বিরোধ নিষ্পত্তি ” শীর্ষক এক মতবিনিময় সভায় অংশগ্রহণকারীগণ এ বিষয়ে ঐক্যমত্য পোষণ করেন।

এ সভায় প্রধান অতিথি ছিলেন গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রী মাননীয় জি এম কাদের এম পি। আদালতে বিরোধ নিষ্পত্তি সময় সাপেক্ষ বিধায় মামলা জট সৃষ্টি করে। এ জন্য সরকার আদালতের উপর চাপ কমাতে আদালতের বাইরে দেওয়ানী বিরোধ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে আইন সংশোধন করে বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তি বাধ্যতামূলক করেছে বলে তিনি সভাকে অবহিত করেন। সকলের উচিত মামলা মোকদ্দমায় সময় ও অর্থব্যয় না করে বাণিজ্যিক বিরোধসমূহ ধীর গতির আদালতের পরিবর্তে সালিশী বা মধ্যস্থতা পদ্ধতির সুবিধাসমূহ গ্রহণ করে দ্রুত নিষ্পত্তি করা।

বাণিজ্য মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্ট্যান্ডিং কমিটির সদস্য এবং চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির প্রাক্তন সভাপতি জনাব এম এ লতিফ এমপি, প্রখ্যাত বাণিজ্য সংগঠনের নেতৃবৃন্দ, বিশিষ্ট শিল্পপতি, আইনজীবী, শিক্ষাবিদ, বাণিজ্যিক প্রতিষ্ঠানের প্রতিনিধি বৃন্দ, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ, ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশনের প্রতিনিধি, সাংবাদিক সহ বিভিন্ন পেশার সদস্যগণ এ মত বিনিময় সভায় উপস্থিত থেকে সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণ করেন।

অভ্যাগত মাননীয় মন্ত্রী বিশিষ্ট অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সূচনা বক্তবে চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি জনাব মোর্শেদ মুরাদ ইব্রাহীম দেশের ব্যবসা বাণিজ্যকে এগিয়ে নিতে বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতির উপর গুরুত্ব আরোপ করেন।

এ সভার মূল বক্তা বিয়াক এর প্রধান নির্বাহী ডঃ তৌফিক আলী তাঁর উপস্থাপনায় বাংলাদেশের আদালত সমূহে মামলা নিষ্পত্তির অবস্থা, বিকল্প বিরোধ নিষ্পত্তির সপক্ষে বাংলাদেশের বিদ্যমান আইনী কাঠামো, ‘বাংলাদেশ ইন্টারন্যাশনাল আর্বিট্রেশন সেন্টার (বিয়াক)’ প্রতিষ্ঠা, বিকল্প বিরোধ নিষ্পত্তিতে বিয়াক এর ভূমিকা ও কার্যক্রম তুলে ধরেন।

‘বিয়াক’- এর চেয়ারম্যান জনাব মাহবুবুর রহমান বলেন, দেশে বর্তমানে প্রায় বিশ লক্ষ মামলা বিভিন্ন আদালতে বিচারাধীন আছে যার মধ্যে প্রায় সাত লক্ষ হলো দেওয়ানী মামলা। বাণিজ্যিক বিরোধ সংক্রান্ত মামলাগুলো সালিশী পদ্ধতির মাধ্যমে দ্রুত নিষ্পত্তি করা সম্ভব। এর ফলে আদালতের উপর চাপ কমেবে এবং ব্যবসা বাণিজ্য দ্রুত প্রসার লাভ করবে।

মত বিনিময় সভাটি পরিচালনা করেন ‘বিয়াক’- এর চেয়ারম্যান জনাব মাহবুবুর রহমান।